



পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি



তথ্য ও সংস্কৃতি বিভাগ পশ্চিমবঙ্গ সরকার
১/১ আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা ৭০০০২০

মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে ৫ টি আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালা

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি রাজ্যের ৫ টি স্থানে একটি করে ৫ দিনের আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে। আগ্রহীরা পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সচিবকে উদ্দেশ্য করে আবেদন জানাতে পারেন। কর্মসূচি এবং নিয়মাবলি বিশদে নীচে দেওয়া হল।

ক্রমিক সংখ্যা	বিভাগের নাম	সম্ভাব্য তারিখ	স্থান	বিভাগের অন্তর্গত জেলা
১	মেদিনীপুর বিভাগ	২৮ আগস্ট - ১ সেপ্টেম্বর, ২০২৫	মহিষাদল	বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, পুরুলিয়া
২	বর্ধমান বিভাগ	০৩ - ০৭ সেপ্টেম্বর, ২০২৫	চুঁচুড়া	পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলী, বীরভূম
৩	মালদা বিভাগ	১০ - ১৪ সেপ্টেম্বর, ২০২৫	মালদা	উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ
৪	প্রেসিডেন্সি বিভাগ	১৩ - ১৭ সেপ্টেম্বর, ২০২৫	টাকি	কলকাতা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, নদিয়া
৫	জলপাইগুড়ি বিভাগ	২৫ - ২৯ নভেম্বর, ২০২৫	আলিপুরদুয়ার	আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং

যোগ্যতা : বয়স ১৮ থেকে ৩৫ বছর। নূন্যতম মাধ্যমিক পাশ হতে হবে। একজন মাত্র একটি কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন, তাঁকে ওই বিভাগের যে কোন জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনে থাকতে হবে নাম, বয়স, পিতা/মাতার নাম, স্থায়ী ঠিকানা, প্রথাগত শিক্ষা, লিঙ্গ, বিভিন্ন কলায় পারদর্শিতার অভিজ্ঞতা (যদি থাকে), যোগাযোগের ফোন নম্বর, দিতে হবে আধার কার্ডের কপি ও ১ টি পাসপোর্ট সাইজের ছবি। ইতিপূর্বে কর্মশালায় অংশগ্রহণ করে থাকলে তার শংসাপত্রের প্রতিলিপি আবেদনের সঙ্গে যুক্ত করতে হবে। আবেদন পত্র ২৪/০৮/২০২৫-এর মধ্যে মেল করে (ই-মেইল -workshop.pbna@gmail.com), ডাক যোগে, অথবা পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির কার্যালয়ে দুপুর ১টা থেকে ৭টার মধ্যে সরাসরি জমা করা যাবে। শিক্ষার্থী নির্বাচনের জন্য প্রয়োজনে সাক্ষাৎকার গ্রহণ করা হতে পারে। সাক্ষাৎকারের জন্য ডাক পেলে নিজের খরচায় আসতে হবে। নির্বাচিত হলে কর্মশালায় বিনা ব্যয়ে অংশ গ্রহণ করা যাবে। শিবির শেষে শংসাপত্র পাওয়া যাবে।

যোগাযোগ: (০৩৩) ২২২৩-১১৩২

সচিব
পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি